

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৫১

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ) পরিচ্ছেদঃ খাদিমের প্রতি সদয় হওয়া।

باب مَا جَاءَ فِي الإِحْسَانِ إِلَى الْخَدَمِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ وَاصِلِ، عَنِ الْمَعْرُورِ بْنِ سُويْد، عَنْ أَبِي ذَرِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِخْوَانُكُمْ جَعَلَهُمُ اللَّهُ فِتْيَةً تَحْتَ أَيْدِيكُمْ فَمَنْ كَانَ أَخُوهُ تَحْتَ يَدِهِ فَلْيُطْعِمْهُ مِنْ طَعَامِهِ وَلْيُلْبِسْهُ مِنْ لِبَاسِهِ وَلاَ يُكَلِّفْهُ مَا يَغْلِبُهُ فَإِنْ كَلَّفَهُ مَا يَغْلِبُهُ فَلْيُعِنْهُ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَأُمِّ سَلَمَةَ وَابْنِ عُمَرَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৯৫১। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... আবৃ যার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, এরা তোমাদেরই ভাই; আল্লাহ তা'আলা এদের তোমাদের অধীন খাদেম হিসাবে বানিয়ে দিয়েছেন। সুতরাং যার যে ভাই তার অধীনে রয়েছে তাকে যেন সে নিজের খাদ্য থেকে খাদ্য দেয়। নিজের পরিচ্ছদ থেকে পোষাক পরায় এবং এমন কোন কাজের দায়িত্ব যেন চাপিয়ে না দেয় যা তার শক্তিকে পরাজিত করে দেয়। এমন কোন কাজের দায়িত্ব যদি তাকে দেয় যা তাকে অক্ষম করে ফেলে তবে সে যেন এ বিষয়ে তাকে সাহায্য করে। সহীহ, বুখারী, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৯৪৫ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আলী, উম্মু সালামা, ইবনু উমার ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি হাসান-সহীহ।

English

Abu Dharr narrated that the Messenger of Allah said:

"Allah has made some of your brothers as slaves under your care. So whoever has his brother under his care, then let him feed him from his food,



and let him clothe him from his clothes. And do not give him a duty that he cannot bear, and if you give him a duty he cannot bear, then assist him with it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন